

নদী

- জয়তী রায়

হঠাৎ করে ই, জানালা খুলে গেল
হঠাৎ করে ই, চোখে পড়ল যদি ?
হঠাৎ করে ই, জঞ্জালে যেন ফুল ?
হঠাৎ করে ই, পেলাম তোমায়, নদী ?

লাগলো মনে, পুরাকালের হাওয়া ।
এখানেই ছিল, আমার আসা-যাওয়া ॥
এই যেন সেই আমার বাতাস বাড়ী ।
এতদিন তবে করে কেন ছিলে, আড়ি ?

তোমার ঢেউয়ে ছিল আমার গান ।
তোমার কূলে ছিল আমার সাথী ।
আমার এ জীবন, তোমার-ই দেওয়া দান ।
যাপন করতাম, ভরসার দিন - রাতি ॥

বুক চাপা এক নিঃশ্বাস ফেলে ভাবি ।
সবই চলে যায়, রয়ে যায় শুধু ছবি ॥
বিষ চুকিয়ে ঝাঁঝরা করছে শহর -
অমলিন তুমি থাকবে কি আর, নদী ??